



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম।



সিডিএ এডিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

www. bise-ctg.gov.bd

স্মারক নম্বরঃ চশিবো/বিদ্যা /চট্ট-মহা (পাঁচ)/১৫৯/২০২২/ ১৫২১ (৫)

তারিখ : ০৯/০১/২০২২ খ্রি:

প্রেরক : বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
চট্টগ্রাম।

প্রাপক : প্রধান শিক্ষক  
ব্রাইটন ইংলিশ স্কুল  
বাড়ি # ১৫, রোড নং ০২  
কাতালগঞ্জ আ/এ, পাঁচলাইশ, চট্টগ্রাম।

বিষয় : সাময়িক নিবন্ধন।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে প্রত্যয়ন করা যাচ্ছে যে, ব্রাইটন ইংলিশ স্কুল, পাঁচলাইশ, চট্টগ্রামকে The Registration of Private Schools Ordinance, 1962 (XX of Ordinance 1962) এর অধীনে বেসরকারি (ইংরেজি মাধ্যম) বিদ্যালয় নিবন্ধন বিধিমালা, ২০০৭ এর আলোকে সাময়িক নিবন্ধনের জন্য বিধি মোতাবেক শর্তাবলী যথাযথভাবে পূরণ না হওয়ায় উক্ত শর্তাবলী পূরণ করা হবে মর্মে অঙ্গীকারনামা দাখিল করায় উক্ত বিধিমালার ৩ এর উপ-বিধি (৩) এর বিধান মোতাবেক উল্লেখিত বিদ্যালয়কে ০৬ (ছয়) মাসের জন্য সাময়িক নিবন্ধন প্রদান করা হল। বিধিমালায় উল্লেখিত শর্তসমূহ ছাড়াও উক্ত বিদ্যালয়কে নিম্নবর্ণিত শর্তসমূহ পালন করতে হবে।

নিবন্ধন বিধিমালা-২০০৭ এর আলোকে অবশ্যই পালনীয় শর্তাবলি :

- ১। প্রবিধি ০৭ এর আলোকে ম্যানেজিং কমিটি গঠন করে আগামী ৩০ (ত্রিশ) কর্মদিবসের মধ্যে বোর্ড কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণ করতে হবে।
- ২। শিক্ষাক্রম, পাঠ্যপুস্তক ইত্যাদি
  - ক) শিক্ষা বোর্ড/সরকার কর্তৃক নির্ধারিত অথবা আন্তর্জাতিকভাবে স্বীকৃত শিক্ষাক্রম অনুসরণ।
  - খ) পাঠদানের উদ্দেশ্যে, এমন কোন পাঠ্যপুস্তক নির্ধারণ করা যাবে না - জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক অনুমোদিত বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত নয়;
  - গ) বাংলাদেশের ইতিহাস ও সংস্কৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ নয়; এবং
  - ঘ) স্বাধীনতা ও সার্বভৌমত্বের বিরোধী।
- ৩। বিদ্যালয় ভবনে বিস্কন্ধ পানির ব্যবস্থা করতে হবে এবং ছাত্র-ছাত্রীদের জন্য পর্যাপ্ত সংখ্যক পৃথক পৃথক স্বাস্থ্যসম্মত টয়লেটের ব্যবস্থা করতে হবে।
- ৪। শিক্ষক-কর্মচারী নিয়োগের ক্ষেত্রে প্রবিধি ১২ যথাযথ অনুসরণ করতে হবে।
- ৫। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সময়ে সময়ে জারীকৃত পরিপত্র/নির্দেশনা যথাযথ পালন/অনুসরণ করতে হবে।
- ৬। বোর্ডের পূর্ব অনুমোদন ব্যতীত সংরক্ষিত তহবিলের অর্থ উত্তোলন করা যাবে না।

  
০৯/০১/২০২২


(ড. বিপ্লব গাঙ্গুলী)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
চট্টগ্রাম।

অনুলিপি সদয় অবগতির জন্য

- ১। মাননীয় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। পরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম।
- ৬। জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
- ৭। অফিন নথি।

  
০২/০১/২০২২